## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যের কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩০শে চৈত্র বুধবার ১৩৬৬ ইংরাজী 13th April. 1960 { ৪৬শ সংখ্যা।






মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৩০শে চৈত্র বুধবার সন ১৩৬৬ সাল।

## নেতা ও অভিনেতা

—•—

নেতা মানে নায়ক যাঁর নীতি জ্ঞান আছে। যাঁর নির্দ্দেশমত চলিয়া তাঁহার অনুগত জনগণ ইচ্ছানুরূপ ফল প্রাপ্ত হয়। যাঁকে লোক নেতা বলিয়া গ্রহণ করে তিনি যদি সত্য সত্যই সুনীতি সম্পন্ন হন, তিনি তাঁহার অধীনস্থ সকল লোককে সৎপথে চালিত করেন। তাঁহার অনুশাসিত দেশবাসিগণ সুখে স্বচ্ছন্দে বাস করিয়া তাঁহার দীর্ঘায়ু কামনা করে। তিনি যদি রাজা হন, প্রজাগণ তাঁহার সুখে সুখী দুখে দুঃখী হইয়া দিনপাত করে। প্রাচীন পণ্ডিতেরা সেই রাজা ও তাঁহার অনুগত প্রজাগণ সম্বন্ধে বলিয়াছেন—

রাজা প্রজা পালয়তি
পিতা পুত্রানি বৌরসান্।
পিতরিব নৃপে তস্মাৎ
বর্ত্তিতব্যং প্রজাগণৈঃ।

অর্থ—রাজা নিজের ঔরসজাত সন্তানের মত প্রজা পালন করেন। প্রজারাও রাজাকে পিতার মত শ্রদ্ধা করে।

ভারত গণতন্ত্র রাজ্য। প্রজাগণই তাঁহাদের মনোমত শাসক ভোট দিয়া নির্ব্বাচন করিয়া থাকেন। আজ প্রায় তের বৎসর এদেশ কংগ্রেস নামক রাজনৈতিক দলভুক্ত শক্তিমান্ লোকদের দ্বারা শাসিত হইতেছে। যিনি একদিন পাকা কংগ্রেসী ছিলেন, গভর্ণর জেনারেলরূপে এদেশ শাসন করিয়াছেন। তিনিই আজ কংগ্রেসী শাসন অপছন্দ করিয়া এই শাসন দূর করার জন্য স্বতন্ত্র দল গঠন করিয়া শাসকদলের বিরোধিতা করিতে কৃতসংকল্প হইয়াছেন। দেশ স্বাধীন হওয়ার দিন হইতে আরম্ভ করিয়া বর্ত্তমান সময় পর্য্যন্ত স্বনামধন্য ব্যবহার-জীবী স্বরাজ্য দলের নেতা বাগ্মী-প্রবর স্বর্গত পণ্ডিত মতিলাল নেহরুর একমাত্র কুলতিলক মাননীয় পণ্ডিত জহরলাল নেহরু প্রধান মন্ত্রীর পদ অলঙ্কৃত করিয়া এই স্বাধীন দেশকে স্বাধীন করিয়া তুলিয়াছেন। ইনি নেতাও যেমন অভিনেতাও তার চেয়ে আরও বড়। ইনি নিজ মুখে নিজের দৃপ্ত ভাষণ দিয়া তৃপ্ত হন। দেশের দুর্নীত জনগণকে নিকটস্থ আলোক স্তম্ভে ফাঁসি দিবার দৃপ্ত ভাষণ দিয়া এখন দুর্নীতির সম্বন্ধে তদন্ত করার জন্য ট্রাইবুনাল বসাইবার কথা শুনিলে ক্ষিপ্ত হইয়া উঠেন। ইনি তাঁহার ভাগ্যগুণে তাঁহার স্বরাষ্ট্র মন্ত্রী ও সীমান্তরক্ষা মন্ত্রী পাইয়াছেন। তাঁহাদের দৃপ্ত ভাষণ ও বীরত্ব ব্যঞ্জকভাবে যাত্রার দলের ভীমও হার মানিয়া যায়। যাত্রার ভীম যেমন তুলো পোরা গদা ঘাড়ে কৃত্রিম গোঁপে চাড়া দিয়া সপ্তমে আওয়াজ তুলিয়া ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের সম্মুখবর্ত্তী হইয়া

"দাদা, আদেশ যদ্যপি দাও দাসে,
গদার আঘাতে কুরুকুল
করিয়া নির্ম্মূল—
নিষ্কণ্টক করিব পাণ্ডব।"

যুধিষ্ঠির—বৃকোদর ক্ষান্ত হও (বেগে ভীমের প্রস্থান) (আসরে—দুঃশাসনের আবির্ভাব) বেগে ভীমের প্রবেশ দুঃশাসনকে দেখিয়া সাবধান! দুরাচার!

কহ যদি কটু ভাষ পুনঃ
পলকে প্রলয় করিব এখনি।
কাঁপিবে মেদিনী আজি
বীর পদ-ভরে।

ভারতের কপালগুণে পণ্ডিত নেহরুর ডাইনে বাঁয়ে যুধিষ্ঠিরের দুই পাশে ভীমার্জ্জুনবৎ স্বরাষ্ট্র ও সীমান্ত রক্ষা মন্ত্রীদ্বয় পূর্ণ বিক্রমে কার্য্য করিতেছে।

পাকীস্তান মুর্শিদাবাদের চর দখল করিল, গরু মহিষ চুরি করিয়া লইয়া গেল। সহকারী বীরদ্বয় বিক্রমপূর্ণ ভাষণ দিলেন—সামান্য সামান্য চুরিতে বাধা দেওয়া সামান্য কাজ। সার্ব্বভৌম অধিকার কাহাকেও দেওয়া হইবে না। টুকেরগ্রাম পাকীস্তান দখল করিয়া নারী নির্য্যাতন করিলেও বীরত্ব ব্যঞ্জক স্বরে শোনা গেল—

এর জন্য প্রতিবাদ ছাড়া
অন্য বাধা নহে সমীচীন।

## "দুর্নীতি"

—•—

এই শব্দটি শুনিলেই স্বরাষ্ট্র মন্ত্রী বিরক্ত হইয়া বলিয়া উঠেন দুনীতি! দুর্নীতি!! দুনীতি!!! বলা এক ফ্যাসান হয়েছে আজকাল। ঠিক যুধিষ্ঠিরের পাশে ভীমের এই উক্তি শোভনীয়।

ভারতের অর্থমন্ত্রী চাগলা কমিশন তদন্ত করিতে করিতে কাজে ইস্তফা দিয়া ভাগিয়া গেলেন। তিনি প্রধান মন্ত্রীর নিকট কিরূপ সম্মান পাইয়া রাজকীয় বিমানে স্বগৃহ গমন করিলেন।

প্রধান মন্ত্রী মহাশয় বলিয়াছেন দুর্নীতি ধর পাকড় করলে অনেক মন্ত্রী বিপন্ন হয়ে উঠবে। যিনি যত বড়ই হউন না নীতি ছাড়া খুব কঠিন। নীতির আর একটি প্রতিশব্দ **"নয়"**

**নয়** (৯) যত গুণ করুন তার **নয়** (৯) লোপ হবে না।

অঙ্ক কষিয়া দেখুন ৯ সংখ্যা অপরিবর্ত্তনীয়।

৯×২=১৮ আঠার ১+৮=৯
৯×৩=২৭ ২+৭=৯
৯×৪=৩৬ ৩+৬=৯
৯×৫=৪৫ ৪+৫=৯

এই ভাবে দেখুন নয় অর্থনীতি লোকের নীতি (৯) এমন মজ্জাগত যে অঙ্ক শাস্ত্রও তার প্রমাণ দিচ্ছে। তদন্ত হইলে ক্ষতি হয় না। দুর্নীতি পরায়ণ লোক যখন তদন্তের সম্মুখীন হইতে ভয় করে তখন বুঝা যায় এর Sinking Sinking drinking water বেরিয়ে যাবে। শেখ আবদুল্লা নেহেরুজীর (তখন উনিশ বৎসরের) বন্ধু বলিয়া শ্যামাপ্রসাদের মৃত্যুর তদন্ত হয় নাই। শেষে নেহেরুজী তাঁর বন্ধু কেমন বুঝিলেন।

চন্দন কখন ঘর্ষণ করাকে ভয় করে না। তাকে যত ঘষবে সুগন্ধই বাহির হবে। তদন্তকে বাধা যিনি দিবেন তাঁহার সুগন্ধ নাই জানিবে।

"চন্দন কো ঘিঁষনেসে
দেত্ রহে সুবাস।"

———

## টাইম টেবল

প্রতি ছয় মাস অন্তর রেলওয়ে কোম্পানীর ট্রেণ চলাচলের সময়ের রদ বদল হয়। এবারে বিশেষ কোন পরিবর্ত্তন হয় নাই। তবুও আমরা জঙ্গিপুর রোড-ষ্টেশনের সময় তালিকা নিম্নে দিলাম।

আপ ট্রেণ ( নিমতিতা অভিমুখে )

| | | | | |
|---|---|---|---|---|
| ৩১৯নং | আসে | ৯-১৯ | ছাড়ে | ৯-২৯ |
| ৩৩৩নং | „ | ১৫-৭ | „ | ১৫-১৭ |
| ৩৪৫নং | „ | ২০-৫৫ | „ | ২১-৫ |
| ৩৪৭নং | „ | ১-৪২ | „ | ১-৫২ |

ডাউন ট্রেণ ( কলিকাতা অভিমুখে )

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৩৪নং | আসে | ৬-১৭ | ছাড়ে | ৬-২৭ |
| ৩৪৬নং | „ | ১২-২২ | „ | ১২-৩২ |
| ৩৮০নং | „ | ১৭-৫৮ | „ | ১৮-৮ |
| ৩৩৮নং | „ | ০-১৯ | „ | ০-২৯ |

## ধোবীঘাট বন্ধ

বহুকাল হইতে রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরের সভাসুন্দর ( রজক ) সম্প্রদায় থড়খড়ি নদীর জলে কাপড় কাচিত। সম্প্রতি উক্ত নদীর জলকরের নিলাম খ রদ্দার রজকগণের খুঁটী ও পাট উঠাইয়া দিয়া কাপড় কাচা বন্ধ করিয়াছে। ঘাট বন্ধ হওয়ায় উক্ত সম্প্রদায় গৃহস্থগণের কাপড় লওয়া বন্ধ করিয়াছে। এ বিষয়ে সুব্যবস্থা করার জন্য আমরা স্থানীয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## দিকে দিকে অগ্নিকাণ্ড

দিন কয়েক পূর্ব্বে রাত্রিকালে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত সেখালিপুর ইউনিয়নের জোড়গাছা গ্রামে অগ্নিকাণ্ডের ফলে একটী লোকের মৃত্যু হইয়াছে এবং একজন সাংঘাতিকভাবে পুড়িয়া গিয়াছে। সংবাদ পাইয়া জঙ্গিপুরের মহকুমা শাসক মহোদয় ঐ রাত্রিতেই ঘটনাস্থলে গমন করেন এবং দুঃস্থগণের চিকিৎসা ও সাহায্যের ব্যবস্থা করেন।

রঘুনাথগঞ্জ থানার দয়ারামপুর ইউনিয়নে চাঁদপুর গ্রামে প্রায় ৪৫ খানি ঘর পুড়িয়া গিয়াছে। এই গ্রামের একটী পাঁচ বছরের ছেলে আগুনে পুড়িয়া মারা গিয়াছে।

রঘুনাথগঞ্জ থানার জরুর ইউনিয়নে সাকালীপাড়া গ্রামে আগুন লাগিয়া কয়েকজন গৃহস্থ সর্ব্বস্বান্ত হইয়াছেন।

অধিকাংশ লোকই উদরান্ন সংস্থানের জন্য ব্যতিব্যস্ত হইয়া ছুটাছুটী করিতেছে তার উপর গৃহহারা হইয়া যে বিপদে পড়িল তাহা বর্ণনাতীত।

## সংস্থানসমূহে আহার্য পরিবেশন নিয়ন্ত্রণ আদেশ এবং অতিথি নিয়ন্ত্রণ আদেশ বাতিল

কেন্দ্রীয় সরকারের সম্মতিক্রমে পশ্চিম বঙ্গ সরকার ১৯৬০ সালের ৪ঠা এপ্রিল হইতে পশ্চিম বঙ্গ সংস্থানসমূহে আহার্য পরিবেশন নিয়ন্ত্রণ আদেশ, ১৯৫৮ এবং পশ্চিম বঙ্গ অতিথি নিয়ন্ত্রণ আদেশ, ১৯৫৮, বাতিল করিয়াছেন। উহার ফলে ভোজনাগার, হোটেল, রেস্তোরাঁ ইত্যাদিতে গ্রাহকদের চাউল সরবরাহে বা গম বা তজ্জাত দ্রব্যাদির সাহায্যে অতিথি ভোজন করাইতে কোন নিষেধাজ্ঞা থাকিবে না। —প্রেস নোট

## শিক্ষক প্রতিনিধি নির্বাচনের তারিখ পরিবর্ত্তন

মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের সেক্রেটারী জানাইতেছেন ১০ই এপ্রিল তারিখে শিক্ষক প্রতিনিধি নির্বাচনের যে তারিখ নির্দ্ধারিত ছিল তাহা এক সরকারী নির্দ্দেশে আগামী ১৫ই মে ধার্য্য হইয়াছে। ঐ দিন বেলা ১০টা হইতে ৫টা পর্য্যন্ত বহরমপুর কৃষ্ণনাথ কলেজ স্কুলে অনুষ্ঠিত হইবে। নিম্নোক্ত সাতজন প্রাথমিক শিক্ষক উক্ত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিতেছেন—

(১) শ্রীমহিমারঞ্জন মণ্ডল, সদর (২) শ্রীগুরুপদ চৌধুরী, কান্দী (৩) আবদুর রহমান, লালবাগ (৪) শ্রীনীরেন্দ্রনাথ দাস, জঙ্গিপুর (৫) মোসলেমুদ্দিন লালবাগ (৬) শ্রীমদনমোহন ঘোষ, লালবাগ (৭) শ্রীপ্রমোদরঞ্জন দাস, জঙ্গিপুর।

## কলিকাতা বন্দর রক্ষা

পলিমাটি পড়িয়া কলিকাতা বন্দর বন্ধ হইবার যে আশঙ্কা দেখা যাইতেছে, উহাকে সেই অবস্থা হইতে রক্ষা করিবার জন্য জাতীয় জাহাজ চলাচল বোর্ড পরিকল্পনা কমিশন ও সরকারের নিকট সুপারিশ করিয়াছেন বলিয়া জানা গিয়াছে। সম্প্রতি বোম্বাইতে বোর্ডের যে সভা হয় তাহাতে পলিমাটি সমস্যা সম্পর্কে কলিকাতা বন্দরের প্রতিনিধিগণের বক্তব্য শ্রবণ করা হয়। আলোচনার ফলে সকলে এই সিদ্ধান্তে আসেন যে, ফারাক্কার ভিতর দিয়া জল সরবরাহ করাই বন্দরকে রক্ষা করিবার একমাত্র উপায়।

## জেলা রবীন্দ্র শতবার্ষিকী

গত ২রা এপ্রিল বহরমপুর কলেক্টরেট হলে মুর্শিদাবাদ জেলা রবীন্দ্র শতবার্ষিকী উদ্‌যাপন সমিতির অধিবেশনে জেলা সমাহর্ত্তার পৌরোহিত্যে কবির শতবার্ষিকী উদ্‌যাপনের যথোপযুক্ত ব্যবস্থার জন্য জেলার বিশিষ্ট ব্যক্তিগণকে লইয়া একটী কর্ম্মপরিষদ গঠিত হইয়াছে। জেলা সমাহর্ত্তা ভি, এস, সি, বোনার্জি সভাপতি, শ্রীরেজাউল করিম সহসভাপতি, শ্রীকমল বন্দ্যোপাধ্যায় ও শ্রী ডি, বি, বিশ্বাস জয়েন্ট সেক্রেটারী নির্ব্বাচিত হইয়াছেন।

## কিশলয় ও অন্যান্য পুস্তকাদির বিক্রয়

কলিকাতায় এই মাসের তৃতীয় সপ্তাহ হইতে নির্বাচিত পুস্তকের দোকান সমূহ হইতে প্রাথমিক বিদ্যালয়ের প্রকৃত ছাত্র বা তাহাদের অভিভাবকগণ "কিশলয়" এবং শিক্ষা অধিকারের অন্যান্য পুস্তকাদি ক্রয় করিতে পারিবেন। কলিকাতার বিভিন্ন কেন্দ্রের নির্বাচিত বইয়ের দোকানগুলির নাম শীঘ্রই জানান হইবে। মফস্বল এলাকার প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রগণ বা তাহাদের অভিভাবকগণ এক্ষণে পূর্ববর্তী বৎসরগুলির ন্যায় স্থানীয় সাব-ইনস্পেক্টর অফ স্কুলস এর নিকট হইতে ঐ সকল পুস্তক ক্রয়ের ব্যবস্থা করিতে পারেন। তাঁহাদের নিকট ইতোমধ্যেই প্রয়োজনীয় পুস্তকাদি সরবরাহ করা হইয়াছে। —প্রেস নোট



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।



সি, কে, সেনের

## আমলা কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন"　　টেলিফোন : বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১।৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।